গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
দ্বিতীয় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট
সিটি সেন্টার (লেভেল-১০), ৯০/১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

স্মারক নম্বর : ৪৬.০১৮.২০০.০৩.১৩.৮৬.২০১৩-১১১ তারিখ ঃ ২১/০৮/২০১৬খ্রিঃ

বিষয় ঃ সোনালী ব্যাংক লিমিটেড-এর বিভিন্ন শাখায় পরিচালিত ব্যাংক হিসাবের মাধ্যমে এলজিএসপি-২ এর অর্থ ব্যবহারের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ কর্তৃক ইস্যুকৃত চেকের অর্থ প্রদান প্রসঙ্গে।

সূত্র ঃ ১) সোনালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের স্মারক নং.-প্রকা/সহিসাডি/সাডি/বিবিধ/১২৫৩ তারিখ: ১৮ জুন ২০১৪
২) এলজিএসপি-২ এর স্মারক নম্বর: ৪৬.০১৮.২০০.০৩.১৫.১১৩.২০১৩.৯১৩, তারিখ: ০৮.০৬.২০১৪।
৩) এলজিএসপি-২ এর স্মারক নম্বর: ৪৬.০১৮.২০০.০৩.১৩.৮৬.২০১৩.৬২৩, তারিখ: ১৯.০৩.২০১৫খ্রি:।
৪) এলজিএসপি-২ এর স্মারক নম্বর: ৪৬.০১৮.২০০.০৩.১৩.৮৬.২০১৩.৯৭১, তারিখ: ২৮/০৬/২০১৬খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিএসপি-২ এর আওতাভুক্ত ইউনিয়ন পরিষদসমূহের পরিচালিত সোনালী ব্যাংক লিমিটেড এর বিভিন্ন শাখায় এলজিএসপি-২ এর অর্থ ব্যবহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ কর্তৃক ইস্যুকৃত চেকের অর্থ পরিশোধের বিষয়ে সোনালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয় হতে স্মারক নম্বর প্রকা/সহিসাডি/সাডি/ বিবিধ/১২৫৩ তারিখ : ১৮ জুন ২০১৪ মূলে জারীকৃত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে না। এর কারণ হিসাবে উল্লেখ করা যায় যে, সোনালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয় হতে জারীকৃত উক্ত নির্দেশনাটি সোনালী ব্যাংক লিমিটেড এর সকল শাখায় নেই অথবা ক্ষেত্র বিশেষে অনুসরণে শিথিলতা রয়েছে। ইউনিয়ন পরিষদ পর্যায়ে সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করার স্বার্থে সোনালী ব্যাংক লিমিটেড এর সংশ্লিষ্ট শাখাসমূহে উক্ত নির্দেশনার অনুলিপি পৌছানো এবং তা অনুসরণ নিশ্চিত করা প্রয়োজন। উক্ত নির্দেশনার অনুলিপি এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, সোনালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয় কর্তৃক ইস্যুকৃত নির্দেশনাটি ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটরদের মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড এর সংশ্লিষ্ট সকল শাখায় পৌছানো নিশ্চিতকরণ এবং নির্দেশনাসমূহ প্রতিপালিত হচ্ছে কি-না তা মনিটরিং করার জন্য পূনরায় বিশেষভাবে অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, ইউনিয়ন পরিষদ হতে ইস্যুকৃত চেকের বিপরীতে অর্থ প্রদানের ক্ষেত্রে সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয় হতে জারীকৃত ১নং সূত্রোক্ত পত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও সংশ্লিষ্ট জেলার ডিডিএলজি/ডিএফ এর অবগতি সাপেক্ষে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক চেকের অর্থ প্রদান করবেন। পববর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত কোন ক্রমেই এর ব্যত্যয় ঘটানো যাবে না। বিষয়টি অতি জরুরী।

সংযুক্তি : বর্ননামতে।

২১.০৮.১৬

(মোহাম্মদ ইয়াহ-ইয়া ভূইয়া)
উপ-প্রকল্প পরিচালক (অর্থ, প্রশা. ও ক্রয়)
দ্বিতীয় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট
ফোন ঃ ৯৫৮০৫০৫

উপ-পরিচালক স্থানীয় সরকার (সকল)
জেলা প্রশাসকের কার্যালয়
..............................

অনুলিপি কার্যার্থে ঃ
০১। পরিচালক স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী/খুলনা/ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর।
০২। মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
০৩। জেলা প্রশাসক (সকল)।
০৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
০৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড,..........................................................
০৬। ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর, ইউপিজিপি/এলজিএসপি-২, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
০৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)

E:\sobur\Lgsp-2\2015-2016\Lgsp-pfa-letter-up-ddlg.doc1

Bibid Letter (Mohsin)-2014-42. doc


# সোনালী ব্যাংক লিমিটেড
# Sonali Bank Limited

প্রধান কার্যালয়, ঢাকা।

ফোন ঃ ৯৫৬৮৫৬০ (ডিজিএম)
৯৫৫০৭১৩ (এজিএম)
৯৫৫০৯৮১ (এজিএম)
ফ্যাক্স ঃ (০২) ৯৫৫১৩০৯

সরকারী হিসাব ও সার্ভিসেস ডিভিশন
(সার্ভিসেস ডিপার্টমেন্ট)


নং : প্রকা/সহিসাডি/সাডি/বিবিধ/ ১২৫৬
তারিখ ঃ ১৮ জুন ২০১৪।

ডেপুটি জেনারেল ম্যানেজার/
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক লিমিটেড
সকল প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়
বাংলাদেশ।

বিষয় ঃ সোনালী ব্যাংক লিমিটেড-এর বিভিন্ন শাখায় পরিচালিত ব্যাংক হিসাবের মাধ্যমে এলজিএসপি-২ প্রকল্পের অর্থ ব্যবহারের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ কর্তৃক ইস্যুকৃত চেকের অর্থ প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, দ্বিতীয় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি-২) সিটি সেন্টার (লেবেল-১০), ৯/১, মতিঝিল বা/এ, ঢাকা-এর ০৮ জুন ২০১৪ তারিখের ৪৬.০১৮.২০০.০৩.১৫.১১৩.২০১৩-৯১৩ সংখ্যক পত্রের সূত্র উল্লেখ্য (ফটোকপি সংযুক্ত)।

২.০০ ঃ উক্ত পত্রে জানানো হয়েছে যে, এলজিএসপি-২ এর আওতায় স্থানান্তরিত থোক বরাদ্দের অর্থ স্থানীয় সোনালী ব্যাংকে খোলা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের আলাদা একটি ব্যাংক হিসাবের মাধ্যমে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, একজন মহিলা সদস্য এবং ইউনিয়ন সচিবের যৌথ স্বাক্ষরে পরিচালিত হয় বিধায় এ হিসাবের অধীনে যে কোন চেক অবশ্যই উক্ত তিনজনের স্বাক্ষরেই ইস্যু হতে হবে। কিন্তু ক্ষেত্র বিশেষে এর ব্যতিক্রম লক্ষ্য করা যাচ্ছে মর্মে পত্রে উল্লেখ করা হয়।

৩.০০ ঃ তাই, এলজিএসপি-২ প্রকল্পের আওতায় ইউনিয়ন পরিষদের অনুকূলে স্থানান্তরিত অর্থের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ এবং ইউনিয়ন পরিষদের আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নের স্বার্থে এলজিএসপি-২ এর হিসাব পরিচালনাকারী সোনালী ব্যাংকের সকল শাখাকে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য উক্ত পত্রে অনুরোধ করা হয়েছে ঃ

ক. ক্রস চেক/Account Payee চেক ব্যতীত অন্য কোন চেকের বিপরীতে কোন অর্থ প্রদান না করা ;
খ. চেকে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, একজন মহিলা সদস্য ও ইউনিয়ন সচিবের স্বাক্ষর থাকতে হবে ;
গ. Request For Quotation (RFQ) ও Open Tender Method (OTM) এর ক্ষেত্রে কার্যাদেশ এবং সরাসরি ক্রয় ও মাটির কাজের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ওয়ার্ড কমিটির সভাপতির মধ্যে স্বাক্ষরিত চুক্তির কপি থাকতে হবে ;
ঘ. স্কিম সুপারভিশন কমিটি কর্তৃক প্রদত্ত স্কিম ভালোভাবে সম্পন্ন হয়েছে এই মর্মে প্রতিবেদন থাকতে হবে ;
ঙ. স্কিম ভিত্তিক চেক ব্যতীত একসাথে অর্থ উত্তোলনের কোন চেকের বিপরীতে অর্থ উত্তোলন করা যাবে না।

৪.০০ ঃ উক্ত পত্রে সোনালী ব্যাংকের স্থানীয় পর্যায়ের এলজিএসপি-২ প্রকল্পের হিসাব পরিচালনাকারী শাখাসমূহের ব্যবস্থাপকদের মাধ্যমে উপযুক্ত ব্যবস্থাদি প্রতিপালন নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হয়েছে।

৫.০০ ঃ এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে উপরোক্ত ব্যবস্থাদি গ্রহণ ও প্রতিপালন নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদের নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জিল্লুর রহমান সিদ্দিকী)
ডেপুটি জেনারেল ম্যানেজার

সংযুক্তি ঃ ০১ (এক)।

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
দ্বিতীয় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি-২)
সিটি সেন্টার (লেভেল-১০),
৯০/১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

স্মারক নং- ৪৬.০১৮.২০০.০৩.১৫.১১৩.২০১৩-৯১৩

তারিখ: ০৮.০৬.২০১৪

বিষয়: সোনালী ব্যাংক লিমিটেড-এর বিভিন্ন শাখায় পরিচালিত ব্যাংক হিসাবের মাধ্যমে এলজিএসপি-২ প্রকল্পের অর্থ ব্যবহারের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ কর্তৃক ইস্যুকৃত চেকের অর্থ প্রদান প্রসঙ্গে।

দেশের সকল ইউনিয়ন পরিষদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে স্থানীয় পর্যায়ে জনগণকে অধিকতর সেবা প্রদানের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে 'দ্বিতীয় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি-২)' বাস্তবায়নাধীন রয়েছে। এলজিএসপি-২ প্রকল্পের আওতায় সকল ইউনিয়ন পরিষদের ব্যাংক হিসাবে সোনালী ব্যাংক লিঃ-এর রমনা কর্পোরেট শাখা ও লোকাল অফিসের মাধ্যমে সরাসরি থোক বরাদ্দ স্থানান্তর করা হয়। এলজিএসপি-২ এর আওতায় স্থানান্তরিত থোক বরাদ্দের অর্থ স্থানীয় সোনালী ব্যাংকে খোলা ইউনিয়ন পরিষদের আলাদা একটি ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালিত হয়। এ ব্যাংক হিসাবটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, একজন মহিলা সদস্য এবং ইউনিয়ন সচিব এ তিনজনের যৌথ স্বাক্ষরে পরিচালনা করা হয়। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, মহিলা সদস্য এবং সচিবের যৌথ স্বাক্ষরে হিসাবটি পরিচালিত হয় বিধায় এ হিসাবের অধীনে যে কোন চেক অবশ্যই উক্ত তিন জনের স্বাক্ষরেই ইস্যু হতে হবে। ক্ষেত্রে বিশেষে এর ব্যতিক্রম লক্ষ্য করা যাচ্ছে।

০২। এলজিএসপি-২ প্রকল্পের আওতায় ইউনিয়ন পরিষদের অনুকূলে স্থানান্তরিত অর্থের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ এবং ইউনিয়ন পরিষদের আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নের স্বার্থে সোনালী ব্যাংকের এলজিএসপি-২ এর হিসাব পরিচালনাকারী সকল শাখাকে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা জারী করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি:

(ক) ক্রস চেক/ Account Payee চেক ব্যতীত অন্য কোনো চেকের বিপরীতে কোনো অর্থ প্রদান না করা;
(খ) চেকে আবশ্যিকভাবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, একজন মহিলা সদস্য ও সচিবের স্বাক্ষর থাকতে হবে;
(গ) Request for Quotation (RFQ)ও Open Tender Method (OTM) এর ক্ষেত্র কার্যাদেশ এবং সরাসরি ক্রয় ও মাটির কাজের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ওয়ার্ড কমিটির সভাপতির মধ্যে স্বাক্ষরিত চুক্তির কপি থাকতে হবে;
(ঘ) স্কিম সুপারভিশন কমিটি কর্তৃক প্রদত্ত স্কিম ভালোভাবে সম্পন্ন হয়েছে এই মর্মে প্রতিবেদন থাকতে হবে;
(ঙ) স্কিম ভিত্তিক চেক ব্যতীত এক সাথে অর্থ উত্তোলনের কোনো চেকের বিপরীতে অর্থ উত্তোলন করা যাবে না।

০৩। সোনালী ব্যাংকের স্থানীয় পর্যায়ের এলজিএসপি-২ প্রকল্পের হিসাব পরিচালনাকারী শাখাসমূহের ব্যবস্থাপকদের মাধ্যমে উপযুক্ত ব্যবস্থাদি প্রতিপালন নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

কে এম মোজাম্মেল হক
অতিরিক্ত সচিব
ও
জাতীয় প্রকল্প পরিচালক
দ্বিতীয় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট
ফোন: ৯৫৫৮৭২৭

ব্যবস্থাপনা পরিচালক
সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

অনুলিপি: প্রয়োজনীয় কার্যার্থে

১। জেলা প্রশাসক, জেলা..............................
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ........................
৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা-..................................জেলা.........................
৪। ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর, এলজিএসপি-২, জেলা প্রশাসকের কার্যালয়, ..........................